গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির দশম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ শফিউল আলম |
| সভার তারিখ | : | ০৫ মে ২০১৬ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিসভা কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: **পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচির ওপর আলোচনা অনুষ্ঠানের অনুরোধ জানান। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (সমন্বয়) জনাব বিজয় ভট্টাচার্য নির্ধারিত আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১: নবম সভার কার্যবিবরণী দৃঢ়করণ**

২। অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান বিগত সভার কার্যবিবরণী কার্যপত্রের সঙ্গে উপস্থাপন করা হয়েছে। এ কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জানান বিগত সভার কার্যবিবরণীতে তাঁর মন্ত্রণালয়কে শ্রম ও জীবিকায়ণ ক্লাস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে যদিও ক্লাস্টার সংক্রান্ত প্রজ্ঞাপনের খসড়ায় তাঁর মন্ত্রণালয়কে সঠিক ক্লাস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে। একইভাবে শিল্প মন্ত্রণালয়ও শ্রম ও জীবিকায়ণ ক্লাস্টারে অন্তর্ভুক্ত হবে। উল্লিখিত সংশোধনী সাপেক্ষে নবম সভার কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

**আলোচ্যসূচি-২: নবম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

৩। অতঃপর সভায় নবম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় যে, নবম সভার প্রথম সিদ্ধান্ত মোতাবেক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত উপ-কমিটির গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনের একটি খসড়া প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয় সিদ্ধান্ত অনুযায়ী পাঁচটি ক্লাস্টারের সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহের কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে পাওয়া গেছে। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল যথাযথ স্থানে সংশোধন করা হয়েছে। এছাড়া ষষ্ঠ সিদ্ধান্ত অনুযায়ী ক্ষুদ্র ঋণ সংক্রান্ত উপকমিটি তাঁদের কার্যক্রম শুরু করেছে মর্মে সভায় অবহিত করা হয়।

**আলোচ্যসূচি-৩: বিষয়ভিত্তিক ক্লাস্টারসমূহের কার্যপরিধি সংক্রান্ত**

৪। সভায় অবহিত করা হয় যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের ৫টি বিষয়ভিত্তিক ক্লাস্টার গঠনের একটি রূপরেখা প্রণয়ন করা হয়েছে। ক্লাস্টারসমূহকে কার্যকর করার জন্য একটি পরিপত্র জারি করা প্রয়োজন। এ উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রজ্ঞাপনের একটি খসড়া প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট মতামতের প্রদানের জন্য প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের মতামত প্রেরণ করেছে। তাদের মতামতের সারসংক্ষেপ প্রস্তুত করা হয়েছে। সভায় খসড়াটি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

৫। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জানান খসড়া পরিপত্রের কার্যপরিধিতে এমন কয়েকটি বিষয় সংযোজিত হয়েছে যা সাধারণভাবে কার্যপরিধির অন্তর্ভুক্ত না হয়ে আলাদা স্থানে লিপিবদ্ধ হওয়া প্রয়োজন। পরিপত্রের

কার্যপরিধি অংশটি যথাযথভাবে সংশোধন হওয়া আবশ্যক মর্মে সকলে একমত পোষণ করেন। খাদ্য মন্ত্রণালয় খাদ্যশষ্য সরবরাহের দায়িত্ব পালন করে বিধায় এ মন্ত্রণালয়কে শ্রম ও জীবিকায়ণ ক্লাস্টারের অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, শ্রম ও জীবিকায়ণ সংক্রান্ত কার্যক্রমে প্রকৃত পক্ষে খাদ্য মন্ত্রণালয়ের সরাসরি কোন ভূমিকা নেই বিধায় এ মন্ত্রণালয়কে শ্রম ও জীবিকায়ণ ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব 'সামাজিক ভাতা' ক্লাস্টারের নামকরণ 'সামাজিক ভাতা'র পরিবর্তে সামাজিক নিরাপত্তা বা অন্য কোন নামকরণ করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। তাঁর বক্তব্যের পরিপ্রেক্ষিতে এ ক্লাস্টারের নাম 'সামাজিক সহায়তা' ক্লাস্টার হিসাবে নির্ধারণের বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

৬। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এবং বিষয়ভিত্তিক ক্লাস্টারের খসড়া পরিপত্রে ভূমি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে সভায় উল্লেখ করা হয়। সভাপতি বলেন ভূমি মন্ত্রণালয় গুচ্ছগ্রাম এবং প্রধানমন্ত্রীর কার্যালয় আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন করছে। এ প্রকল্প দু'টি সামাজিক ক্ষমতায়নের অংশ বিধায় ভূমি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টারের সমন্বয়কের দায়িত্ব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত করার কারণ জানতে চাইলে সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য জানান এ সংক্রান্ত কার্যক্রমের পরিমাণ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সর্বাধিক বিধায় এ মন্ত্রণালয়কে আলোচ্য ক্লাস্টারের সমন্বয়ক নির্ধারণ করা হয়েছে।

৭। ক্লাস্টারসমূহে আরও মন্ত্রণালয়/বিভাগকে অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়। সভায় অধিকাংশ সদস্য মতামত ব্যক্ত করেন যে প্রতিটি মন্ত্রণালয়ই ক্লাস্টারসমূহের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সংশ্লিষ্ট। তাই সব মন্ত্রণালয়কে ক্লাস্টারভূক্ত করলে ক্লাস্টার গঠনের মূল উদ্দেশ্য ব্যাহত হতে পারে। ক্লাস্টারসমূহে সদস্য কো-অপ্ট করার সুযোগ রয়েছে বিধায় প্রয়োজন বোধে যে কোন মন্ত্রণালয়কে যে কোন ক্লাস্টারে অন্তর্ভুক্ত করা যাবে।

**আলোচ্যসূচি ৪: বিষয়ভিত্তিক ক্লাস্টারসমূহের সভা আয়োজন**

৮। অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান যে, নবম সভার সিদ্ধান্ত অনুযায়ি ইতোমধ্যে প্রতিটি ক্লাস্টার তাদের প্রথম সভা অনুষ্ঠান সম্পন্ন করেছে এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে পাওয়া গেছে। যথা সময়ে সভা অনুষ্ঠিত হওয়ায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। ক্লাস্টারসমূহের সভা নিয়মিত আয়োজন করার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। তিনি জানান ক্লাস্টারসমূহের বিষয়ে প্রস্তুতকৃত খসড়া পরিপত্র খুব শীঘ্র জারি করা হবে। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ক্লাস্টারসমূহের সভা আয়োজন অব্যাহত রাখার জন্য সভাপতি সকলের প্রতি আহবান জানান।

**আলোচ্যসূচি ৫: সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন উপকমিটি**

৯। অতিরিক্ত সচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের বিষয়ে প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনা সমন্বয়ের জন্য একটি উপকমিটি গঠনের বিষয়ে নবম সভায় সিদ্ধান্ত অনুযায়ি মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার)-এর সভাপতিত্বে ১৩ সদস্য বিশিষ্ট উপকমিটি গঠন সংক্রান্ত পরিপত্রের একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়াটি অনুমোদনের বিষয়ে উপস্থিত সকল সদস্য ঐকমত্য প্রকাশ করেন।

**আলোচ্যসূচি ৬: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন**

১০। সভায় অবহিত করা হয় যে, গত সেপ্টেম্বর ২০১৫ মাসে Social Security Policy Support (SSPS) Programme-এর সহযোগিতায় কর্ম-পরিকল্পনা সংক্রান্ত একটি কর্মশালা আয়োজন করা হয়েছিল। উক্ত কর্মশালার পর এ সভা অনুষ্ঠানের সময় পর্যন্ত সর্বশেষ তথ্য অনুযায়ী ২০টি মন্ত্রণালয়/বিভাগ তাদের প্রাথমিক কর্মপরিকল্পনা প্রস্তুত

করেছে। কর্মপরিকল্পনাসমূহ পর্যালোচনার কাজ চলমান রয়েছে। জুলাই মাসের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা প্রণয়নের কাজ সম্পন্ন করা হবে মর্মে সভায় অবহিত করা হয়।

১১। প্রথম পর্যায়ে পাঁচটি মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা চূড়ান্ত করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ ক্ষেত্রে পাঁচটি ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের কর্মপরিকল্পনা প্রণয়ন করে উপকমিটির নিকট ১৫ জুলাই ২০১৬ তারিখের মধ্যে উপস্থাপন করবে। পরবর্তী সময়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ক্রমে তাদের কর্মপরিকল্পনা উপ-কমিটির নিকট উপস্থাপন করবে মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

**আলোচ্যসূচি ৭: কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির কার্যপরিধি সংশোধন**

১২। সভায় অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিকে বেশ কয়েকটি অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে বিধায় এ কমিটির কার্যপরিধি সংশোধন করা প্রয়োজন। এ লক্ষ্যে একটি সংশোধিত প্রজ্ঞাপনের খসড়া প্রস্তুত করে সকলের মতামতের জন্য উপস্থাপন করা হয়েছে। কমিটির গঠন সংক্রান্ত পরিপত্রের খসড়াটির ওপর বিস্তারিত আলোচনা হয়। খসড়াটি চূড়ান্ত করা যেতে পারে মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন। সভায় কমিটির নাম 'Central Monitoring Committee' (CMC)-এর পরিবর্তে 'Central Management Committee' (CMC), বা 'National Monitoring/Management Committee' করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় বলেন জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে এ কমিটিকে 'Central Management Committee' (CMC) হিসাবে নামকরণ করা যেতে পারে।

**আলোচ্যসূচি ৮: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের জন্য Single Registry MIS গঠন**

১৩। অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে সকল সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির জন্য একটি Single Registry MIS গঠন করার জন্য বলা হয়েছে। এর মূল উদ্দেশ্য হল স্বচ্ছভাবে উপকারভোগী নির্ধারণ, দ্বৈততা পরিহারকরণ, এবং কর্মসূচিসমূহের প্রভাব বৃদ্ধিকরণ। বর্তমানে একাধিক মন্ত্রণালয়/বিভাগে পৃথক পৃথকভাবে নিজস্ব MIS গঠন করার বিষয় প্রক্রিয়াধীন রয়েছে। একটি একক এবং সমন্বিত MIS গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন মর্মে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১৪। এ পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জানান একটি সমন্বিত ডাটাবেইজ প্রস্তুতের জন্য বিবিএস বিশ্বব্যাংকের সহযোগিতায় একটি হাউজ হোল্ড সার্ভে পরিচালনা করছে। আগামী ২০১৭ সাল নাগাদ এ সার্ভে সম্পন্ন হবে। উক্ত ডাটাবেইজ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/বিভাগ তাঁদের নিজ প্রয়োজন অনুযায়ী ডাটাবেইজ বা MIS প্রস্তুত করতে চাইলে তাতে আইনতঃ কোন বাঁধা নেই মর্মে তিনি উল্লেখ করেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জানান তাঁর মন্ত্রণালয় বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য MIS প্রস্তুত করছে এবং এগুলি NID'র সঙ্গে সংযুক্ত।

১৫। সভায় অবহিত করা হয় যে, সমন্বিত ডাটাবেইজ তৈরির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো বা Citizen's Core Data Structure (CCDS) সংক্রান্ত একটি পরিপত্র ইতোপূর্বে জারি করেছে। সুতরাং, সকল ধরণের ডাটাবেইজ ও MIS হতে হবে CCDS অনুযায়ী এবং এজন্য মন্ত্রিপরিষদ বিভাগ Civil Registration and Vital Statistic (CRVS) সংক্রান্ত যে সচিবালয় (CRVS Secretariat) স্থাপন করেছে তার কারিগরি সহায়তা পরামর্শ গ্রহণ করা বাঞ্ছনীয়। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত সকল ডাটাবেইজ ও MIS-কে সমন্বিত করার বিষয়টি সিআরভিএস বাস্তবায়ন কমিটি কর্তৃক সমন্বয় করা যায় মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন। সভাপতি মন্তব্য করেন যে, CRVS সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাকাগণের যথাযথভাবে অবহিত থাকা প্রয়োজন। এ জন্য CRVS সচিবালয়ের পক্ষ থেকে সকল সচিবের জন্য একটি অবহিতিমূলক কর্মশালা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

১৬। সমন্বিত ডাটা কাঠামো নিয়ে আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় এ ধরনের একটি ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত Single Registry MIS হিসাবে চন্দনাইশের কার্যক্রমকে উদাহরণ হিসাবে অনুসরণ করা যায় কিনা তা পর্যালোচনার জন্য তিনি আহবান জানান। উক্ত MIS মাননীয় প্রধানমন্ত্রীর অবগতির জন্য উপস্থাপন করা যেতে পারে মর্মে অভিমত প্রকাশ করা হয়। তবে এর পূর্বে সচিবগণের জন্য আয়োজিতব্য কর্মশালায় চন্দনাইশ উপজেলার উপজেলা নির্বাহী অফিসারকে তাঁর MIS উপস্থাপনের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন।

**আলোচ্যসূচি-৯: 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' গঠনের লক্ষ্যে সমন্বিত দারিদ্র্য বিমোচন বিষয়ক একটি ধারণাপত্র সংক্রান্ত উপকমিটির কাজের অগ্রগতি পর্যালোচনা**

১৭। অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বিগত সভায় 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' গঠনের লক্ষ্যে সমন্বিত দারিদ্র্য বিমোচন বিষয়ক একটি ধারণাপত্র উপস্থাপন করেছিলেন। উক্ত ধারণাপত্রের পর্যালোচনা এবং সংশ্লিষ্ট বিষয়ে করণীয় নির্ধারণের সুপারিশ প্রণয়নের জন্য একটি উপকমিটি গঠন করা হয়েছিল। উক্ত উপকমিটির কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য উপকমিটির সদস্য-সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সচিবকে অনুরোধ করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জানান ইতোমধ্যে এ উপকমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সাতটি উপজেলায় এ ধারণাপত্রের পরিপ্রেক্ষিতে পাইলট প্রকল্প গ্রহণ করা হবে। গাজীপুর উপজেলার কাপাশিয়া উপজেলায় প্রথম পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

১৮। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জানান তাঁর মন্ত্রণালয়ের কতিপয় ক্ষুদ্র ঋণ কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান ছিল। উক্ত ঋণের অর্থ সম্পূর্ণভাবে আদায় হয় নি। ফলে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে উপকমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য তিনি অনুরোধ করেন। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ বলেন তাঁর বিভাগ যেহেতু বাংলাদেশের দারিদ্র্য বিমোচনের ফোকাল পয়েন্ট সেহেতু এ উপকমিটিতে অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে এ উপকমিটিতে অন্তর্ভুক্তির বিষয়ে সকলে সম্মতি প্রদান করেন।

১৯। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্ব সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়:

**সিদ্ধান্ত-১:** অনুচ্ছেদ ২-এ উপস্থাপিত সংশোধনী সাপেক্ষে গত ৩০ আগস্ট ২০১৫ তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির নবম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হল;

**সিদ্ধান্ত-২:** বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টারের উপস্থাপিত খসড়া পরিপত্রে ভূমি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টারের অন্তর্ভুক্ত করণ; কার্যপরিধি যথাযথভাবে সংশোধন এবং 'সামাজিক ভাতা' ক্লাস্টারের নাম 'সামাজিক সহায়তা' হিসাবে পরিবর্তন করা সাপেক্ষে পরিপত্রটি অনুমোদন করা হল;

**সিদ্ধান্ত-৩:** অনুমোদিত পরিপত্র অনুযায়ী ক্লাস্টারসমূহের সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সকল ক্লাস্টারমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

**সিদ্ধান্ত-৪:** জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক তা কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিতে উপস্থাপনের লক্ষ্যে ১৩ সদস্য বিশিষ্ট নিম্নলিখিত উপকমিটি অনুমোদন করা হল:

**ক। কমিটির গঠন:**

| | |
|---|---|
| ১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | আহবায়ক |
| ২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৩) সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |

৪) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

৭) সচিব, অর্থবিভাগ- এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

৮) প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন — সদস্য

৯) সচিব, স্থানীয় সরকার বিভাগ, এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

১০) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

১১) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- এর প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) — সদস্য

১২) সচিব, পরিকল্পনা বিভাগ-এর প্রতিনিধি — সদস্য

১৩) অতিরিক্ত সচিব, (সমন্বয়) মন্ত্রিপরিষদ বিভাগ — সদস্য সচিব

**খ। কমিটির কার্য-পরিধি:**

১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও বিষয় ভিত্তিক গুচ্ছসমূহের কর্ম-পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সমন্বয় সাধন;

২)মন্ত্রণালয়/বিভাগ ও বিষয় ভিত্তিক ক্লাস্টারমূহের সামাজিক নিরাপত্তা কৌশল সংশ্লিষ্ট কর্ম-পরিকল্পনা কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিতে উপস্থাপন;

৩) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং এ ক্ষেত্রে যে কোন সমস্যা বা প্রতিকূলতা পরিলক্ষিত হলে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ;

৪) কমিটি আগামী তিন মাসের মধ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত একটি প্রতিবেদন কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করবে;

৫) মন্ত্রিপরিষদ বিভাগের সোসাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম কমিটিকে কারিগরি সহযোগিতা প্রদান করবে;

৬) কমিটি প্রতি দুই মাসে অন্ততঃ একবার সভায় মিলিত হবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

৭) কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

**সিদ্ধান্ত-৫:** প্রথম পর্যায়ে পাঁচটি ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ, অর্থাৎ সমাজকল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তাঁদের কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে উপকমিটির নিকট ১৫ জুলাই ২০১৬ তারিখের মধ্যে উপস্থাপন করবে। অন্যান্য মন্ত্রণালয় পর্যায়ক্রমে তাঁদের কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা উপকমিটির নিকট উপস্থাপন করবে;

**সিদ্ধান্ত-৬:** সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির নামকরণ 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি' হিসাবে পরিবর্তন করে এবং এ সংক্রান্ত খসড়ায় প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নিম্নরূপভাবে অনুমোদন করা হল:

**ক। কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১) | মন্ত্রিপরিষদ সচিব | আহ্বায়ক |
| ২) | সিনিয়র সচিব, অর্থ বিভাগ। | সদস্য |
| ৩) | সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |
| ৪) | সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়। | সদস্য |
| ৫) | সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়। | সদস্য |
| ৬) | সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন। | সদস্য |
| ৭) | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |

| | | |
|---|---|---|
| ৮) | সচিব, ভূমি মন্ত্রণালয়। | সদস্য |
| ৯) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |
| ১০) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। | সদস্য |
| ১১) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। | সদস্য |
| ১২) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। | সদস্য |
| ১৩) | সচিব, কৃষি মন্ত্রণালয়। | সদস্য |
| ১৪) | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ১৫) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ১৬) | সচিব, পরিকল্পনা বিভাগ। | সদস্য |
| ১৭) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। | সদস্য |
| ১৮) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ১৯) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | সদস্য |
| ২০) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | সদস্য |
| ২১) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। | সদস্য |
| ২২) | সচিব, শিক্ষা মন্ত্রণালয়। | সদস্য |
| ২৩) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। | সদস্য |
| ২৪) | সচিব, খাদ্য মন্ত্রণালয়। | সদস্য |
| ২৫) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়। | সদস্য |
| ২৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ। | সদস্য |
| ২৭) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | সদস্য |
| ২৮) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | সদস্য |
| ২৯) | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ৩০) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ৩১) | ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | সদস্য |
| ৩২) | ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ। | সদস্য |
| ৩৩) | ভারপ্রাপ্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | সদস্য |
| ৩৪) | ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। | সদস্য |
| ৩৫) | অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য-সচিব |

**খ। কমিটির কার্যপরিধি:**

১) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত পাঁচটি বিষয়ভিত্তিক ক্লাস্টারের পারস্পরিক সমন্বয়ে সহযোগিতা প্রদান এবং তাদের কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত যে কোন সমস্যা সমাধান এবং আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃক্লাস্টার মতানৈক্য বা বিরোধ নিষ্পত্তি;

২) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫-এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুমোদন, বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ এবং এ বিষয়ে মন্ত্রিপরিষদকে যথাসময়ে অবহিতকরণ;

৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনার আলোকে যৌক্তিক পরিমাণ বাজেট বরাদ্দ প্রাপ্তিতে সহযোগিতা এবং বরাদ্দকৃত অর্থের প্রকৃত ব্যয় ও কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণ;

৪) সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহকে জীবনচক্রভিত্তিক কার্যক্রমে পুনর্বিন্যাসের লক্ষ্যে চলমান কর্মসূচিসমূহ সম্ভাব্য ক্ষেত্রে সংশোধন, সমন্বয়, পর্যায়ক্রমে বিলোপন অথবা নতুন কর্মসূচি গ্রহণের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ এবং গুচ্ছসমূহের কর্ম-পরিকল্পনা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান;

৪৯

৫) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়ন ও সমন্বয় সাধনের নিমিত্ত বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৬) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত জেলা ও উপজেলা পর্যায়ের কমিটিসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ এবং নিয়মিতভাবে তাঁদের প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন ও প্রদান;

৭) সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে সরকারি সংস্থা/ প্রতিষ্ঠান ও এনজিওসমুহের অভিজ্ঞতা পর্যালোচনা এবং তা চলমান কর্মসূচিসমূহে সমন্বয় করতে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্নকরণে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান:

ক) একক ও সমন্বিত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (MIS) প্রণয়ন,
খ) ডিজিটাল এবং মোবাইল ভিত্তিক G2P (সরকার থেকে ব্যক্তি পর্যায়ে) অর্থ-হস্তান্তর ব্যবস্থা সম্প্রসারণ;
গ) সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) ব্যবস্থা উন্নয়ন; এবং
ঘ) কার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা প্রণয়ন।

৯) সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের সুবিধাভোগী নির্বাচনের নীতি পদ্ধতি এবং তালিকা পর্যালোচনা;

১০) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল পর্যালোচনাপূর্বক এর প্রয়োজনীয় পরিবর্তন, সংশোধন বা পরিমার্জনের উদ্যোগ গ্রহণ;

১১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এ সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিকে প্রদত্ত অন্যান্য যে কোন দায়িত্ব পালন;

১২) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত যে কোন কার্যক্রম;

১৩) কমিটি বছরে কমপক্ষে দুটি এবং প্রয়োজনবোধে যে কোন সময়ে সভার আয়োজন করবে এবং

১৪) কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে এবং এ ছাড়া সামাজিক নিরাপত্তা সংক্রান্ত যে সকল বিষয়াদি এ প্রজ্ঞাপনে বিস্তারিত বর্ণিত হয়নি এরূপ বিষয়ে আলোচনার মাধ্যমে সিধান্ত গ্রহণ করতে পারবে।

**সিদ্ধান্ত-৭:** সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডাটাবেইজ ও MIS-কে সমন্বিত করার বিষয়টি সিআরভিএস বাস্তবায়ন কমিটি কর্তৃক সমন্বয় করা হবে;

**সিদ্ধান্ত-৮:** Civil Registration and Vital Statistic (CRVS)-এর বিষয়ে CRVS সচিবালয় সকল সচিবের জন্য একটি অবহিতিমূলক কর্মশালা আয়োজন করবে; এবং

**সিদ্ধান্ত-৯:** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' গঠনের লক্ষ্যে সমন্বিত দারিদ্র্য বিমোচন বিষয়ক ধারণাপত্র সংক্রান্ত উপকমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। উপকমিটি ধারণাপত্রের আলোকে পাইলট প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

২০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৪.০৫.২০১৬

(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব